

Philosophy

(New Syllabus)

বিভাগ-ক

(Marks : 40)

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):

8×5=40

(a) (i) নিরপেক্ষ বচনের গুণ ও পরিমাণ বলতে কী বোঝ?

(ii) দৃষ্টান্ত সহকারে নিরপেক্ষ বচনের শ্রেণিবিভাগ করো। 2+6

অথবা,

নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবিদ্যাসম্মত আকারে রূপান্তরিত করো এবং তাদের কোন্ কোন্ পদ ব্যাপ্য ও অব্যাপ্য তা উল্লেখ করো:

(1+1)×4

(i) যে কেউ এ কাজ করতে পারে।

(ii) কাঁচা আম সাধারণত টক হয়।

(iii) অমেরুদণ্ডী প্রাণীরা স্তন্যপায়ী হতে পারে না।

(iv) সবাই সাধু নয় যারা গির্জায় যায়।

(b) দৃষ্টান্ত-সহ মাধ্যম ও অমাধ্যম অনুমানের মধ্যে পার্থক্য করো।

নিষেধমূলক আবর্তন বলতে কী বোঝ? এই প্রকার আবর্তন কি বৈধ? 4+2+2

অথবা,

(i) বিবর্তনকে কেন অমাধ্যম অনুমান বলা হয়?

[1]

(ii) নীচের বাক্যগুলিকে আদর্শ আকারে রূপান্তরিত করে তাদের বিবর্তনের আবর্তন করো:

(অ) P -ই কেবল S হতে পারে।

(আ) কোনো কিছুই যুগপৎ উত্তেজক ও নিরাপদ নয়।

(ই) দয়ালু চিকিৎসক আছেন। $2+[(1+1)\times 3]$

(c) নিম্নলিখিত যুক্তিগুলিকে আদর্শ আকারে রূপান্তরিত করে তাদের মূর্তি ও সংস্থান উল্লেখ করো। প্রত্যেকটির বৈধতা বিচার করো: $4+4$

(i) কলকাতা ভারতের অন্তর্গত, দুবাই ভারতের অন্তর্গত নয়।
সুতরাং দুবাই কলকাতার অন্তর্গত নয়।

(ii) কোনো মাছ পাখি নয়; কারণ মাছেরা সরীসৃপ নয় এবং কোনো সরীসৃপ পাখি নয়।

অথবা,

নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে উপযুক্ত উদাহরণ সহকারে সংক্ষিপ্ত টীকা লেখো: $4+4$

(i) নিরপেক্ষ ন্যায়।

(ii) অবৈধ পক্ষ দোষ।

(d) মিলের সহপরিবর্তন পদ্ধতিটি আলোচনা করো।

সংজ্ঞা, আকার, দৃষ্টান্ত, সুবিধা (দুটি), অসুবিধা (দুটি)।

$1+2+1+2+2$

অথবা,

একটি বায়ুশূন্য স্থানে কখনও ঘণ্টাধ্বনি শোনা যায় না। সুতরাং, বায়ুর উপস্থিতি শব্দ শোনার কারণ। পদ্ধতিটি ব্যাখ্যা করো:

চিহ্নিতকরণ, সংজ্ঞা, আকার, সুবিধা (দুটি), অসুবিধা (দুটি)।

$1+1+2+2+2$

(e) নীচের আরোহ যুক্তিগুলি বিচার করো এবং কোনো দোষ থাকলে তা উল্লেখ করো: 4+4

(i) কলকাতায় জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে পরিবেশ দূষণও বৃদ্ধি পেয়েছে। সুতরাং জনসংখ্যা বৃদ্ধিই পরিবেশ দূষণের কারণ।

(ii) বিষ পান করলে মৃত্যু ঘটে। সুতরাং বিষ পানই সকল মৃত্যুর কারণ।

অথবা,

সংক্ষিপ্ত টীকা লেখো: 4+4

(i) সহকার্যকে কারণ হিসেবে গ্রহণজনিত দোষ

(ii) কাকতালীয় দোষ

বিভাগ-খ

(Marks : 40)

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে ডানদিকে নীচে প্রদত্ত বাক্সে লেখো: $1 \times 24 = 24$

(i) যে যুক্তিতে আশ্রয় বাক্য থেকে সিদ্ধান্তটি অনিবার্যভাবে নিঃসৃত হয় তাকে বলে—

(a) অবৈজ্ঞানিক আরোহ

(b) বৈজ্ঞানিক আরোহ

(c) উপমা যুক্তি

(d) অবরোহ যুক্তি

(ii) উদ্দেশ্য পদ অব্যাপ্য হয়—

(a) সামান্য বচনের

(b) বিশেষ বচনের

(c) সদর্থক বচনের

(d) নঞর্থক বচনের

(iii) যদি E বচনটি মিথ্যা হয় তবে একই উদ্দেশ্য ও বিধেয়যুক্ত A বচনের সত্যমূল্য হবে—

(a) সত্য

(b) স্ব-বিরোধী

(c) মিথ্যা

(d) অনিশ্চিত

[3]





(iv) নিরপেক্ষ ন্যায়ের সংস্থানের সংখ্যা হল—

(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ

(v) প্রাকল্পিক নিরপেক্ষ ন্যায় যুক্তির প্রধান আশ্রয় বাক্যটির অংশ দুটি হল—

(a) উদ্দেশ্য ও বিধেয় (b) আশ্রয় বাক্য ও সিদ্ধান্ত
(c) সংযোগী ও বিকল্প (d) পূর্বগ ও অনুগ

(vi) অশূন্য বা সাত্তিক শ্রেণির ভেনচিত্রটি হল—

(a)  (b) 
(c)  (d) 

(vii) যদি $p \vee q$ মিথ্যা হয় তাহলে $p \equiv q$ -এর সত্যমূল্য হবে—

(a) মিথ্যা (b) সত্য
(c) অনিশ্চিত (d) স্ববিরোধী

(viii) কোনো সত্যাপেক্ষক যৌগিক বচনের সত্যমূল্য নির্ভর করে—

(a) শুধুমাত্র অঙ্গবচনের উপর
(b) শুধুমাত্র যোজকের উপর
(c) অঙ্গবচন ও যোজকের উপর
(d) এদের কোনোটিই নয়

(ix) আরোহ অনুমানের সমস্যাটি হল—

(a) বৈধতা নির্ণয় (b) অবৈধতা নির্ণয়
(c) আকারগত সত্যতা নির্ণয় (d) সামান্যীকরণ

(x) “পরিমাণের দিক থেকে কারণ ও কার্য সমান”—এ কথা মনে করেন—

(a) মিল (b) কার্ভেথ রীড
(c) অ্যারিস্টটল (d) প্লেটো

(xi) “ভেজা কাঠে অগ্নিসংযোগ ধূম সৃষ্টির কারণ”—এখানে ‘কারণ’ কথাটি যে অর্থে ব্যবহৃত হয়েছে তা হল—

- (a) পর্যাণ্ত শর্ত (b) আবশ্যিক শর্ত
(c) পর্যাণ্ত ও আবশ্যিক শর্ত (d) যৌক্তিক শর্ত

(xii) নিম্নোক্ত সংকেতিক দৃষ্টান্তের ক্ষেত্রে মিলের যে পরীক্ষামূলক পদ্ধতি ব্যবহার করা হয়েছে তা হল—

পূর্ববর্তী ঘটনা	অনুবর্তী ঘটনা
<i>ABPQ</i>	<i>abpq</i>
<i>ARST</i>	<i>arst</i>
<i>AUVX</i>	<i>auvx</i>

∴ A হল a-এর কারণ।

- (a) অন্নয়ী পদ্ধতি (b) ব্যতিরেকী পদ্ধতি
(c) সংযুক্ত পদ্ধতি (d) সহ-পরিবর্তন পদ্ধতি

(xiii) আরোহ যুক্তির সিদ্ধান্ত সবসময়ই—

- (a) সুনিশ্চিত (b) সম্ভাব্য
(c) সত্য (d) বৈধ

(xiv) প্রতিটি নঞর্থক বচনের _____ পদটি অবশ্যই ব্যাপ্য হয়।

- (a) উদ্দেশ্য (b) বিধেয়
(c) উদ্দেশ্য ও বিধেয় (d) কোনোটিই নয়

(xv) একই উদ্দেশ্য ও বিধেয় বিশিষ্ট দুটি সামান্য বচনের মধ্যে যে বিরোধিতা অবস্থান করে তাকে বলা হয়—

- (a) বিপরীত বিরোধিতা (b) অধীন বিপরীত বিরোধিতা
(c) অসম বিরোধিতা (d) বিরুদ্ধ বিরোধিতা

- (xvi) পক্ষপদ পক্ষ আশ্রয়বাক্য ছাড়া অন্য যে স্থানে থাকে তা হল—
 (a) সিদ্ধান্তের বিধেয় স্থানে (b) সিদ্ধান্তের উদ্দেশ্য স্থানে
 (c) সাধ্য আশ্রয় বাক্যের বিধেয় স্থানে
 (d) সাধ্য আশ্রয় বাক্যের উদ্দেশ্য স্থানে
- (xvii) ' p অথবা q , $\sim p / \therefore q$ '—এই যুক্তির আকারটি হল—
 (a) বৈধ, M.P. (b) বৈধ, M.T.
 (c) বৈধ, D.S. (d) বৈধ, H.S.
- (xviii) “কোনো কোনো অ-S হয় P”—বচনটির বুলীয় ভাষা হল—
 (a) $S\bar{P} \neq O$ (b) $SP \neq O$
 (c) $\bar{S}\bar{P} \neq O$ (d) $\bar{S}P \neq O$
- (xix) ' p , $\sim p$ '—এই বচনাকারটি—
 (a) স্বতঃসত্য (b) স্বতঃমিথ্যা
 (c) আপত্তিক (d) বৈধ
- (xx) সাদৃশ্য কোন্ অনুমানের ভিত্তি?
 (a) অবরোহ অনুমান (b) উপমা যুক্তি
 (c) লৌকিক আরোহ (d) বৈজ্ঞানিক আরোহ
- (xxi) আরোহ অনুমানের বস্তুগত ভিত্তি হল—
 (a) পর্যবেক্ষণ ও পরীক্ষণ (b) প্রকৃতির একরূপতা নীতি
 (c) কার্যকারণ নীতি (d) সামান্যীকরণ
- (xxii) 'ক' হল 'খ'-এর পর্যাপ্ত শর্ত—এ কথার অর্থ—
 (a) যদি ক ঘটে তবে খ ঘটে
 (b) যদি খ ঘটে তবে ক ঘটে
 (c) যদি ক না ঘটে তবে খ ঘটে না
 (d) যদি খ না ঘটে তবে ক ঘটে না

(xxiii) যদি কোনো অবরোধ যুক্তির সিদ্ধান্ত সত্য হয় তবে যুক্তিটি—

- (a) অবশ্যই বৈধ হবে (b) অবশ্যই অবৈধ হবে
(c) বৈধ বা অবৈধ হবে (d) এদের কোনোটিই নয়

(xiv) দ্বৈত অন্নয়ী পদ্ধতিটি হল—

- (a) অন্নয়ী পদ্ধতি (b) যুগ্ম পদ্ধতি
(c) সহ-পরিবর্তন পদ্ধতি (d) ব্যাতিরেকী পদ্ধতি

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): 1×16=16

(i) অবৈজ্ঞানিক আরোহ অনুমানকে লৌকিক আরোহ বলা হয় কেন?

(ii) মিল 'স্থায়ী কারণ' বলতে কী বলেছেন?

অথবা,

“সুইচ অন করা পাখা চলার কারণ”—এক্ষেত্রে ‘কারণ’ শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(iii) প্রদত্ত বাক্যটিকে প্রতীকায়িত করো এবং তার অনুসারী সত্যসারণি গঠন করো: এমন নয় যে, রাম যাবে।

(iv) নিবেশন দৃষ্টান্ত কাকে বলে?

অথবা,

সত্যসারণির সাহায্যে ‘ \supset ’ ধ্রুবকের সংজ্ঞা দাও।

(v) ‘বিকল্প পরিগ্রহণ দোষ’ কখন ঘটে?

অথবা,

গঠনমূলক প্রাকল্পিক ন্যায়ের (M.P.) একটি উদাহরণ দাও।

(vi) বৈধতা/অবৈধতা নির্ণয় করো:

হয় পাখিটি কাক অথবা কোকিল। পাখিটি কাক নয় কারণ পাখিটি কোকিল।

(vii) যুক্তির বৈধতা বলতে কী বোঝ?

অথবা,

একটি বৈধ অবরোহ যুক্তির উদাহরণ দাও যার আশ্রয় বাক্য মিথ্যা কিন্তু সিদ্ধান্ত সত্য।

(viii) বচনের বিরোধিতার দুটি শর্ত কী কী?

(ix) বহুকারণবাদের একটি অসুবিধা উল্লেখ করো।

(x) আবশ্যিক ও পর্যাপ্ত শর্ত হিসেবে কারণের একটি দৃষ্টান্ত দাও।

(xi) 'আরোহমূলক লাফ' কী?

অথবা,

আরোহ অনুমানের আকারগত ভিত্তি কী কী?

(xii) মন্দ উপমায়ুক্তির একটি উদাহরণ দাও।

(xiii) গ্রাহক কী?

অথবা,

'পরিপূরক শ্রেণি' বলতে কী বোঝায়?

(xiv) ভেনচিত্রে দুটি পরস্পরছেদি বৃত্ত কয়টি শ্রেণিকে নির্দেশ করে?

(xv) বিপরীত বিরোধিতা ও বিরুদ্ধ বিরোধিতার মধ্যে পার্থক্য করো।

অথবা,

যদি 'A' বচন সত্য হয় তবে এর বিরুদ্ধ বচনের অসম বিরোধী বচনের সত্যমূল্য কী হবে?

(xvi) আবর্তনের ব্যাপ্যতা সংক্রান্ত নিয়মটি কী?

অথবা,

A বচনের সরল আবর্তনের একটি বাস্তব দৃষ্টান্ত দাও।